

## 🗏 মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯:৬

## 💵 আরবি মূল আয়াত:

## يَّرِثُنِي وَ يَرِثُ مِن أَلِ يَعقُوبَ \* وَ اجعَلهُ رَبِّ رَضِيًّا ﴿ ﴾ يَوثُوبَ \* وَ اجعَلهُ رَبِّ رَضِيًّا ﴿ ٩

## 

'যে আমার উত্তরাধিকারী হবে এবং ইয়াকূবের বংশের উত্তরাধিকারী হবে। হে আমার রব, আপনি তাকে পছন্দনীয় বানিয়ে দিন'। — আল-বায়ান

যে আমার উত্তরাধিকারী হবে আর উত্তরাধিকারী হবে ইয়া'কুব পরিবারের; আর হে আমার প্রতিপালক! তাকে করুন আপনার সম্ভুষ্টির পাত্র। — তাইসিরুল

যে আমার উত্তরাধিকারী হবে এবং উত্তরাধিকারীত্ব পাবে ইয়াকূবের বংশের এবং হে আমার রাব্ব! তাকে করুন সম্ভোষভাজন। — মুজিবুর রহমান

Who will inherit me and inherit from the family of Jacob. And make him, my Lord, pleasing [to You]." — Sahih International

৬. যে আমার উত্তরাধিকারিত্ব করবে(১) এবং উত্তরাধিকারিত্ব করবে ইয়াকুবের বংশের(২) এবং হে আমার রব! তাকে করবেন সন্তোষভাজন।

(১) আলেমদের মতে, এখানে উত্তরাধিকারিত্বের অর্থ নবুওয়াত-রিসালত তথা ইলমের উত্তরাধিকার। আর্থিক উত্তরাধিকারিত্ব নয়। কেননা, প্রথমতঃ যাকারিয়়ার কাছে এমন কোন অর্থ সম্পদ ছিল বলেই প্রমাণ নেই, যে কারণে চিন্তিত হবেন যে, এর উত্তরাধিকারী কে হবে। একজন পয়গম্বরের পক্ষে এরপ চিন্তা করাও অবান্তর। এছাড়া যাকারিয়়া আলাইহিস সালাম নিজে কাঠ-মিন্ত্রি ছিলেন। নিজ হাতে কাজ করে জীবিকা নির্বাহ করতেন। কাঠ-মিন্ত্রির কাজের মাধ্যমে এমন সম্পদ আহরণ করা সম্ভব হয় না যার জন্য চিন্তা করতে হয়। দ্বিতীয়ত: সাহবায়ে কেরামের ইজমা তথা ঐকমত্য সম্বলিত এক হাদীসে বলা হয়েছেঃ "নিশ্চিতই আলেমগণ পয়গম্বরগণের ওয়ারিশ। পয়গম্বরগণ কোন দীনার ও দিরহাম রেখে যান না; বরং তারা ইলম ও জ্ঞান ছেড়ে যান। যে ব্যক্তি ইলম হাসিল করে, সে বিরাট সম্পদ হাসিল করে।"- [আরু দাউদ: ৩৬৪১, ইবনে মাজহ: ২২৩, তিরমিয়ী: ২৬৮২] তৃতীয়ত: স্বয়ং আলোচ্য আয়াতে এর (يَرْنَنِي وَيَرِثُ مِنْ ٱلْلِيَعْقُوبَ) বাক্যের য়োগ এরই প্রমাণ য়ে, এখানে আর্থিক উত্তরাধিকারিত্ব বোঝানো হয়ন। কেননা, য়ে পুত্রের জন্মলান্তের জন্যে দোআ করা হচ্ছে, তার পক্ষে ইয়়াকুব আলাইহিস সালামের উত্তরাধিকার হওয়াই যুক্তিযুক্ত কিন্তু তাদের নিকটবর্তী আত্মীয়স্বজনরা যাদের উল্লেখ আয়াতে করা হয়েছে, তারা নিঃসন্দেহে আত্মীয়তায় ইয়াহইয়া আলাইহিস সালাম থেকে অধিক নিকটবর্তী। নিকটবর্তী আত্মীয় রেখে দূরবর্তীর উত্তরাধিকারিত্ব লাভ করা উত্তরাধিকার আইনের পরিপন্থী। [ইবন কাসীর]





(২) অর্থাৎ আমি কেবলমাত্র নিজের উত্তরাধিকারী চাই না বরং ইয়াকুব বংশের যাবতীয় কল্যাণের উত্তরাধিকারী চাই। সে নবী হবে যেমন তার পিতৃপুরুষরা যেভাবে নবী হয়েছে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৬) যে উত্তরাধিকারী হবে আমার এবং উত্তরাধিকারী হবে ইয়াকূবের বংশের। আর হে আমার প্রতিপালক! তাকে তুমি সন্তোষভাজন কর।'

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2256

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন